"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২. ০১৬.(নিয়োগ) ১৭- ৬৩৮ তারিখ ০৪.০৯.২০১৭খ্রিঃ।

## অফিস আদেশ:

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক মাদরাসায় বিভিন্ন পদ বিশেষ করে অধ্যক্ষ/ উপাধ্যক্ষ, সুপারিনটেনডেন্ট/সহকারী সুপারিনটেনডেন্ট পদ দীর্ঘ দিন যাবৎ শূন্য রয়েছে। এতে মাদরাসার একাডেমিক ও দাপ্তরিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। দীর্ঘ দিন প্রশাসনিক পদ শূণ্য থাকায় কোন কোন মাদরাসা ধ্বংসপ্রায় হয়ে পড়েছে।

০২.আরো লক্ষ্য করা যাচ্ছে যে, মাদরাসা শিক্ষা অধিদপ্তর হতে নিয়োগ বোর্ডে ডিজির প্রতিনিধি নেয়ার পর দীর্ঘ দিন অতিবাহিত হওয়া সত্বেও মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগ কার্যক্রম গ্রহণের কোন পদক্ষেপ গ্রহণ না করায় নির্দিষ্ট সময়সীমা (বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ছয় মাস) অতিক্রান্ত হয়ে যাচ্ছে এবং পরবর্তীতে বিধি মোতাবেক পুন: বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে পুনরায় ডিজির প্রতিনিধি প্রাপ্তির জন্য মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করা হচ্ছে। ফলে একই কাজ বার বার করার কারণে সময়ক্ষেপণ হচ্ছে।

০৩.আরো লক্ষ্য করা যাচ্ছে যে, অধ্যক্ষ/ সহকারী সুপরিনটেনডেন্ট বা ভারপ্রাপ্ত প্রধান একই মাদরাসায় নিয়োগ যোগ্য পদে প্রার্থী হওয়া সত্বেও বিধি বহির্ভুতভাবে স্ব-স্ব পদে বহাল থেকে নিয়োগ কার্যক্রম পরিচালনা করছেন । আবার কোন শিক্ষা প্রতিষ্ঠানে আধ্যক্ষ/ সুপরিনটেনডেন্ট এর পদ শূণ্য থাকলে বিধি মোতাবেক উপাধ্যক্ষ/ সহকারী সুপরিনটেনডেন্ট বা ক্ষেত্রভেদে জ্যৈষ্ঠতম শিক্ষককে -কে ভারপ্রাপ্ত প্রধানের দায়িত্ব না দিয়ে কনিষ্ঠ শিক্ষককে দায়িত্ব প্রদান করা হচ্ছে যা শিক্ষা মন্ত্রণালয়ের শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬, তারিখ:০৬.০৬.২২০১১ খ্রিঃ স্মারক পত্রের নির্দেশনা লঙ্ঘনের শামিল।

০৩ উল্লিখিত বিষয়াবলীর প্রেক্ষিতে মাদরসাসমূহে একাডেমিক ও নিয়োগ কার্যক্রম নানাভাবে ব্যহত হচ্ছে বিধায় সকল মাদরাসা প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত বিষয়ে নির্দেশনা দেয়া যাচ্ছে-

ক. মামলা বা নিয়মিত কমিটি না থাকার ক্ষেত্র ব্যতীত কোন পদ ০১ (এক) বছরের অধিক সময় শূণ্য রাখা যাবেনা। ০১ (এক) বছরের অধিক সময় কোন ব্যক্তি প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত প্রধানের দায়িত্বে নিয়োজিত থাকতে পারবে না, থাকলে তা অসদাচরণ বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে এমপিও বন্ধসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ. নিয়োগ বোর্ডে ডিজির প্রতিনিধি মনোনয়ন প্রাপ্তির তারিখ হতে ০২ (দুই) মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে বিলম্ব হলে তা অসাদচরণ বলে বিবেচিত হবে এবং অসাদচরণের দায়ে প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে এমপিও বন্ধসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কমিটি/গভর্নিং বডি বাতিলের জন্য যথাযোগ্য কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করা হবে।

গ. কোন পদের বিপরীতে বিধি মোতাবেক নিয়োগ বোর্ড অনুষ্ঠিত হওয়ার পর সংশ্লিষ্টি নিয়োগ বোর্ড কর্তৃক যে প্রার্থীকে সুপারিশ করা হবে উক্ত সুপারিশ বাস্তবায়নপূর্বক ০১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান অধিদপ্তরকে অবহিত করবেন।

ঘ. সহ সুপার/ উপাধ্যক্ষ বা ভারপ্রাপ্ত প্রধান একই মাদরাসায় নিয়োগ যোগ্য পদে প্রার্থী হলে আবেদন পত্র বাছাই এর পর বৈধ বলে গৃহীত হলে তাঁকে প্রাপ্ত সুপার বা অধ্যক্ষ পদ থেকে অব্যহতি নিতে হবে।

০৪.মাদরাসা সমূহের একাডেমিক শৃংখলা ও উন্নয়ন এবং নিয়োগ কার্যক্রম সুষ্ঠু ও বিধি সম্মত করণের জন্য উপরিউক্ত নির্দেশনাসমূহ প্রতিপালিত হওয়া প্রয়োজন।

০৫.এমতাবস্থায় বর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য সকল মাদরাসার অধ্যক্ষ/সুপারসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪.০৯.১৭

(মো: আফাজ উদ্দীন)
সহকারী পরিচালক (সরঃ ও সিনিঃ মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং-৯৩৪৫৮৮০
ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট, সকল মাদরাসা

অনুলিপি;

১.জেলা শিক্ষা অফিসার (সকল)।
২.উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
৩.অফিস কপি।